

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ১৭. যে মাসয়ালায় আয়াত এবং হাদীস নেই এমন বিষয়ের উত্তর প্রদান থেকে বিরত থাকা

بَابُ التَّوَرُّع عَنِ الْجَوَابِ فِيمَا لَيْسَ فِيهِ كِتَابٌ وَلَا سُنَّةٌ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُيَيْنَةَ، حَدَّثَنَا عَلِيٌّ هُوَ ابْنُ مُسْهِرٍ، عَنْ هِشَامٍ هُوَ ابْنُ عُرْوَةَ، عَنْ مُحَمَّدِ بُنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَل، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، قَالَ: مَا زَالَ أَمْرُ بَنِي إِسْرَائِيلَ مُعْتَدِلًا بُنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ نَوْفَل، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، قَالَ: مَا زَالَ أَمْرُ بَنِي إِسْرَائِيلَ مُعْتَدِلًا لَيْسَ فِيهِ شَيْءٌ حَتَّى نَشَأَ فِيهِمُ الْمُولَّدُونَ أَبْنَاءُ سَبَايَا الْأُمَمِ أَبْنَاءُ النِّسَاءِ الَّتِي سَبَتْ بَنُو إِسْرَائِيلَ مِنْ غَيْرِهِمْ فَقَالُوا فِيهِمْ بِالرَّأْيِ فَأَضَلُوهُمْ

إسناده جيد

## বাংলা

১২২. উরওয়া ইবনু যুবায়ের বলেন, বনী ইসরাঈল বিজাতীয় যেসব মহিলাদেরকে অন্য সম্প্রদায় থেকে যুদ্ধবন্দিনী হিসেবে ধরে এনেছিলো সেসব বিজাতীয় মহিলাদের সন্তানেরা যখন তাদের মাঝে প্রতিপালিত হতে লাগলো তার পূর্ব পর্যন্ত বনী ইসরাঈলের কাজকর্ম ন্যায়সঙ্গতই চলছিল, তাদের মধ্যে কোন (অন্যায্য) কিছুই ছিল না। যখন তারা (বিজাতীয় মহিলাদের সন্তানেরা) তাদের নিজস্ব মতামত দ্বারা বনী ইসরাঈলদের মাঝে বিভিন্ন বিষয়ে কথা বলতে লাগল, তখন এভাবেই তারা বনী ইসরাঈলদেরকে পথভ্রম্ভ করতে শুরু করল।[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ জাইয়্যেদ (উত্তম)।

তাখরীজ: ইবন আব্দুল বাররা, জামি' বয়ানুল ইলম নং ১৭৭৪, সনদ সহীহ; ফাসাওয়ী, আল মা'রেফাতু ওয়াত তারীখ ৩/৯৩; খতীব, আল ফাকীহ ওয়াল মুতাফাক্কিহ ১/১৮০।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন